


ফেটোর প্রতিবাদ দিবস

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর: মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি রক্ষা করেননি—এই অভিযোগে প্রতিবাদ দিবস পালন করল রাজ্য সরকারি ইঞ্জিনিয়ার ও প্রযুক্তিবিদদের সংগঠন 'ফেটো'। সোমবার সংগঠনের সদস্যরা ব্যাজ লগিয়ে অফিসে আসেন। এটাই ছিল তাঁদের প্রতিবাদের 'ভাষা'। ইঞ্জিনিয়ারদের প্রতি রাজ্য সরকার বিমাতৃসুলভ আচরণ করছে এই অভিযোগেই প্রতিবাদ। অম্যান্য রাজ্য সরকারি কর্মচারীদের সাপেক্ষে ইঞ্জিনিয়ারেরা বেতন-বৈষম্যের শিকার হচ্ছেন বলে ফেটো-র অভিযোগ। তাদের আরও অভিযোগ, অ-কারিগরি ব্যক্তিদের উচ্চপদে আসীন করা হচ্ছে। প্রকাশিত লিফলেটে বলা হয়েছে, ২০০১ সালের ২৩ নভেম্বর রবীন্দ্রসদনে সংগঠনের এক সাধারণ সভায় মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, ইঞ্জিনিয়ারদের প্রতি বৈষম্য রয়েছে। দ্রুত সেই বৈষম্য দূর করা হবে। ফেটো-র অভিযোগ, মুখ্যমন্ত্রী কথা রাখেননি।

সাহায্য। আমরা দুর্গতদের সাহায্যার্থে ২৯ নভেম্বর বাপিচকে সমীতসম্মার আয়োজন করেছে নবাবুগ সংঘ। রবিবার জেলা সভাপতি অম্বরী ভট্টাচার্যের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ১০ হাজার টাকা ফুলে দেন কল্লব কর্তৃপক্ষ।

রাস্তা সংস্কারের
দারি তণমালের

 **প্ৰীতি**
Preety ডিটালজেন্ট